প্রতিদিনের বাংলাদেশ

# তুরাগ নদ দখল ও বালু উত্তোলন বন্ধ করতে হবে

প্রবা প্রতিবেদক

প্রকাশ : ০৭ অক্টোবর ২০২৪ ২০:০২ পিএম
আপডেট : ০৭ অক্টোবর ২০২৪ ২০:৪২ পিএম

Source: https://protidinerbangladesh.com




তুরাগ নদ দখল ও বালু উত্তোলন বন্ধের দাবিতে মানববন্ধন করেন বিজিএমইএ ও উত্তরা ইউনিভার্সিটির শিক্ষার্থীরা। প্রবা ফটো

**তুরাগ নদ দখল, ইউনিভার্সিটি সংলগ্ন এলাকায় ধুলাবালুর প্রভাব, বেড়িবাঁধের রাস্তা সংকীর্ণতা ও অপরিকল্পিত বালু উত্তোলনের মাধ্যমে পরিবেশ দূষণের প্রতিবাদে মানববন্ধন করেছেন বিজিএমইএ ও উত্তরা ইউনিভার্সিটির শিক্ষার্থীরা।**

সোমবার (৭ অক্টোবর) উত্তরা ইউনিভার্সিটি এলাকায় মানববন্ধন ও ক্যাম্পাসের আশপাশে পরিষ্কার-পরিচ্ছন্ন অভিযান করেন শিক্ষার্থীরা।

এ সময় শিক্ষার্থীরা জানান, ক্যাম্পাসের পাশে অবৈধ বালু উত্তলোনের ফলে আমাদের স্বাস্থ্য ঝুঁকিতে পড়তে হচ্ছে। পড়ালেখায় বিঘ্নতার পাশাপাশি শ্বাসকষ্টসহ নানা রোগে আক্রান্ত হচ্ছি। তারা বলেন, তুরাগ নদের পাড়

দখল করে বছরের পর বছর এভাবে অবৈধ ব্যবসা করে যাচ্ছে বালু উত্তোলনকারীরা। এ ব্যাপারে একাধিকবার চিঠি দিলেও কোনো কাজ হয়নি। এ অবস্থায় তুরাগ নদের পাড় অবৈধ দখল ও বালু উত্তোলন বন্ধ করতে হবে।

মানববন্ধনে অংশ নিয়ে হোটেল ব্যবসায়ীরা বলেন, বালু উত্তোলনের কারণে আমরা ঠিকমতো খাবার বিক্রি করতে পারি না। প্রচুর ধুলাবালু খাবারে এসে পড়ে। স্থানীয় লোকজনের প্রভাব দেখিয়ে তারা এ কার্যক্রম পরিচালনা করছে। প্রশাসনও তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নিচ্ছে না। এ ছাড়া বালু উত্তোলনের সময় রাস্তা একাধিক ট্রাক দাঁড়িয়ে থাকার কারণে যানজট সৃষ্টি হয় ও প্রায়ই দুর্ঘটনা ঘটে।

এতে অংশ নেন- উত্তরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ইয়াসমীন আরা লেখা, উপ-উপাচার্য অধ্যাপক ড. গৌর গোবিন্দ গোস্বামী, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান ও শিক্ষকমণ্ডলী প্রমুখ।